

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনপ্রশাসন মন্ত্রণালয়  
প্রশাসন -৪ অধিশাখা  
www.mopa.gov.bd

১৩ বৈশাখ ১৪২৩

নং- ০৫.০০.০০০০.১১৩.০০৭.০৪৯.১৩- ২৩৩৪

তারিখ: -----

২৬ এপ্রিল ২০১৬

প্রেরক : উপসচিব

প্রশাসন -৪ অধিশাখা

জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রাপক: এডোনিক সার্ভিসেস

আল বশির প্লাজা (৪র্থ তলা) , ২০৫/৫, বঙ্গ কালভার্ট রোড

মতিঝিল বা/এ, ঢাকা।

বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের দাপ্তরিক প্রয়োজনে বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয়ের জন্য Notification of Award (NOA) প্রদান।

সূত্র: ০৫.০০.০০০০.১১৩.০০৭.০৪৯.১৩-২২০৪, তারিখ: ০৭-০৩-২০১৬ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে আপনার প্রতিষ্ঠান কর্তৃক দাখিলকৃত ২২/০৩/২০১৬ তারিখের দরপত্রটি সর্বনিম্ন হওয়ায় এবং এ মন্ত্রণালয়ের দরপত্র মূল্যায়ন কমিটির ০৫/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে সুপারিশ করায় এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তা অনুমোদিত হওয়ায় নিম্নবর্ণিত বিভিন্ন প্রকার বৈদ্যুতিক সরঞ্জামের বিপরীতে উল্লিখিত দরে যখন যা প্রয়োজন তার প্রশাসনিক অনুমোদন ও কার্যাদেশের ভিত্তিতে সরবরাহের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে বার্ষিক ঠিকাদার নিয়োগ পূর্বক Notification of Award (NOA) প্রদান করা হলো। এ লক্ষ্যে ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ফ্রেমওয়ার্ক চুক্তি (Contract) সম্পাদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

ক্রমিক নং	বৈদ্যুতিক সরঞ্জামসমূহের বিবরণ	অনুমোদিত একক দর
১	40 Inch Internet LED Backlight TV Model: SONY KDL-40W700C	৫৯,২৬০/-
২	40 Inch Internet LED Backlight TV Model: SONY KDL-32W700C	৪৮,৮৬০/-
৩	Refrigerator Model: Walton, NW2G6	৩৩,৭৫০/-
৪	Microwave Oven Model: Panasonic, NM-CD674M	২১,৮০০/-
৫	Paper Shredder Model: Lexin, JP 860	২৩,৭০০/-
৬	Conference System (Delegate & Microphone) Model: TOA- TS 772, TS 774	২৪,৮৭০/-
৭	Conference System (Central Unit & 10 meter Cable) TOA- TS 770 & YR-770	৫৯,৫৬০/-
৮	2KVA Online UPS (Single Phase) Model: STAR, W-2KVA	৭২,৬০০/-
৯	Cable Tray Model: LEGRAND	২৩,৭০০/-
১০	Projection Lamp & Filter (with installation) SONY PLX – 8500	১১,৫০০/-
১১	Projection Lamp & Filter (with installation) Hitachi CPX-5022	৯,৫০০/-
১২	Projection Lamp & Filter (with installation) Hitachi CPX-400	৯,৫০০/-
	১২ আইটেম বৈদ্যুতিক সরঞ্জামের সর্বমোট একক মূল্য=	৩,৯৮,৬৯০/- টাকা

চলমান পাতা-২

২৩/৪/১৬

**শর্তাবলী:**

- ১। উল্লিখিত বৈদ্যুতিক সরঞ্জামসমূহ কার্যাদেশ প্রদানের তারিখ হতে বর্ণিত সময়ের মধ্যে এবং এককালীন সরবরাহ করতে হবে।
- ২। অনুমোদিত শিডিউলে বর্ণনা অনুযায়ী বৈদ্যুতিক সরঞ্জাম সরবরাহ করতে হবে। নমুনা বর্হিভূত কোন সরঞ্জাম গ্রহণযোগ্য হবেনা। সেক্ষেত্রে পুনরায় বৈদ্যুতিক সরঞ্জামসমূহ সরবরাহ করতে হবে।
- ৩। এই নিয়োগ আদেশ ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত বলবৎ থাকবে।
- ৪। এই চুক্তির মেয়াদ উত্তীর্ণ না হওয়া পর্যন্ত জামানত হিসেবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার ব্যাংক ড্রাফট ফেরত দেয়া হবেনা।
- ৫। দরপত্র শিডিউলে বর্ণিত অন্যান্য শর্তাদি বলবৎ থাকবে।

(নাসরীন জাহান)  
উপসচিব  
ফোন: ৯৫৪০৫৪০

**অনুলিপি:**

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন) জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেমস্ এনালিস্ট (পিএসিসি) জনপ্রশাসন মন্ত্রণালয় (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। অফিস কপি।